

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৮০

খোয়াই, ২৪ জানুয়ারি, ২০২৪

**খোয়াই জেলাভিত্তিক বিকাশ মেলা সমাপ্ত**

খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে সম্প্রতি ২ দিনব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে জেলাভিত্তিক বিকাশ মেলা সমাপ্ত হয়েছে। এই মেলার উদ্বোধন করে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, সরকার রাজ্যের সামগ্রিক উন্নয়নে ব্যাপকভাবে কাজ করছে ও এর সুফল সমাজের অস্তিমব্যক্তি পর্যন্ত পৌঁছে দিচ্ছে। অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি হরিশঙ্কর পাল সমাজকে স্বচ্ছ রাখার পাশাপাশি নিজেকে আত্মনির্ভর করে তুলতে সকলের প্রতি আহ্বান জানান। খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশিস নাথ শর্মা স্বচ্ছ ও আত্মনির্ভর ত্রিপুরা এবং শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেবার আহ্বান জানান। অনুষ্ঠানে জেলাশাসক চাঁদনী চন্দ্রন সরকারের প্রতিটি প্রকল্পের কাজ সততা ও নিষ্ঠার সাথে করার জন্য বিভিন্ন দপ্তরের আধিকারিকদের প্রতি অনুরোধ জানান। অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য সুরত মজুমদার, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত জেলাশাসক কেশব কর। জেলাভিত্তিক অনুষ্ঠানে খোয়াই পুর পরিষদের পক্ষ থেকে পুর এলাকার ১ জন সুবিধাভোগীর হাতে ১টি ই-রিম্বার চাবি ও ১ লক্ষ ৪০ হাজার টাকার চেক ও ৫টি স্বসহায়ক দলের প্রতিনিধিদের হাতে ৮ লক্ষ টাকার চেক ও ডিষ্ট্রিক্ট ওয়েলফেয়ার অফিসারের কার্যালয়ের পক্ষ থেকে ৫ জন সুবিধাভোগীর হাতে ৫টি সেলাই মেশিন তুলে দেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা।

\*\*\*\*\*